মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

কলেজ বিভাগ

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যশোর শিক্ষা বোর্ডে যে সকল শিক্ষার্থী ভর্তি হতে পারেনি কেবল তাদের জন্য ভর্তি বিজ্ঞপ্তি।

এ শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের আবেদনের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এর আওতাভুক্ত কলেজ/ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী এখনও কোথাও ভর্তি হতে পারেনি, তারা অনুমোদিত আসন শূন্য থাকা সাপেক্ষে স্ব স্ব কলেজের অধ্যক্ষের মাধ্যমে অধ্যক্ষের সুপারিশকৃত ম্যানুয়াল আবেদন ০৩ কর্মদিবসের মধ্যে (অর্থাৎ ০৫/১১/২০২৪ খ্রি. তারিখ থেকে ০৭/১১/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত) শিক্ষার্থীর S.S.C পরীক্ষার প্রবেশপত্র ও নিবন্ধন কার্ডের ফটোকপিসহ কলেজ পরিদর্শক বরাবর জমা দিতে পারবেন।

উল্লেখ্য উক্ত তারিখের পরে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

০৪/১১/২০২৪

প্রফেসর এসএম তৌহিদুজ্জামান

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর